186

দৈনিক জনকণ্ঠ

তারিখ DEC. 2 1 1999
পৃষ্ঠা 2 কলাম 2

# ঢাবি শিক্ষক সমিতির কার্যনির্বাহী কমিটির নির্বাচন আজ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ আজ মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ১৫ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে সরকার সমর্থক শিক্ষক গোষ্ঠীর নীল দল ও বিএনপি-জামায়াত সমর্থক শিক্ষক গোষ্ঠীর সাদা দল প্রতিদ্বন্দ্বিতা করছে। সমাবর্তন অনুষ্ঠান, তরুণ শিক্ষকদের জন্য বৃত্তির ব্যবস্থা ও শিক্ষকদের আবাসিক সমস্যা সমাধানকল্পে বর্তমান প্রশাসনের কৃতিত্বপূর্ণ কর্মকাণ্ডের কারণে নীল দলের জয়ের সম্ভাবনা রয়েছে। তবে অভ্যন্তরীণ দ্বন্দ্বের কারণে এই জয় শেষ পর্যন্ত অর্জিত নাও হতে পারে। সাদা দলের শিক্ষকরা জয়ের জন্য প্রাণপণ চেষ্টা করে যাচ্ছেন বলে জানা গেছে।

নীল দলের প্রার্থীরা হলেন- সভাপতি ড. আরআইএম আমিনুর রশিদ, সহ-সভাপতি আবদুল মান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ ড. মোঃ আশরাফ উদ্দিন চৌধুরী, সাধারণ সম্পাদক ড. মোঃ আনোয়ার হোসেন, যুগ্ম সম্পাদক হাসিবুর রশিদ। ১০টি সদস্য পদের জন্য নীল দলের প্রার্থীরা হলেন- ড. এজেডএম নওশের আলী খান, ড. এটিএম নূরুর রহমান খান, ড. কাজী শহীদুল্লাহ, নাসরিন আহমদ, ড. মেসবাহ উদ্দিন আহমেদ, মোঃ জালাল উদ্দীন (রুমী) ড. মোহাম্মদ মনিরুজ্জামান, ড. মোঃ মুহিবুর রহমান, শরিফ উল্লাহ ভুঁইয়া, ড. গিয়াস উদ্দিন আহমেদ।

সাদা দলের প্রার্থীরা হলেন- সভাপতি ড. এসএমএ ফায়েজ, সহ-সভাপতি ড. আনোয়ার হোসেন, কোষাধ্যক্ষ আবু আহমেদ, সাধারণ সম্পাদক মোঃ ফেরদৌস হোসেন, যুগ্ম সম্পাদক ড. মাহমুদ ওসমান ইমাম। এই দলের ১০টি সদস্য পদের প্রার্থীরা হলেন, ড. আনোয়ার উল্লাহ চৌধুরী, ড. আ ফ ম ইউসুফ হায়দার, ড. আবদুল মমিন চৌধুরী, ড. আবুল কালাম মনজুর মোরশেদ, ড. জিন্নাতুন নেছা তাহমিদা বেগম, মাসুদা এম রশীদ চৌধুরী, ড. মোঃ আবুল বাশার, ড. মোঃ আমজাদ হোসেন, ড. মোঃ খলিলুর রহমান, ড. রহিম বি তালুকদার।